

## বিধানসভার সংখ্যাগরিষ্ঠ দলের নেত্রী

# ক্রিস্টাল ডি. পিপলস-স্টৌক্স

জনসমাজ সংবাদ

## বন্দুক-সহ হিংসা: পিপলস-স্টৌক্স $219,000 অঙ্কের সরকারি আর্থিক সাহায্যের ঘোষণা করলেন স্টপ দ্য ভায়োলেন্স কোয়ালিশন ও পিসমেকার-এর জন্য

বাফেলো শহরে ক্রমবর্ধমান বন্দুক-সহ হিংসার ঘটনা বাড়তে থাকার বিষয়টির সুরাহার উদ্দেশ্যে, নিউ ইয়র্ক রাজ্য বিধানসভার সংখ্যাগরিষ্ঠ দলের নত্রী ক্রিস্টাল পিপলস স্টৌক্স স্টপ দ্য ভায়োলেন্স কোয়ালিশন-এর জন্য $65,000 এবং বাফেলো পিসমেকার-এর জন্য $154,000 সরকারি আর্থিক সাহায্যের ঘোষণা করলেন। রাজ্য বিধানসভা দ্বারা সুনিশ্চিত করা এই $219,000 অঙ্কের অর্থসাহায্য ওই দুই সংগঠনকে বাফেলো শহরের প্রতিবেশী অঞ্চলে নিজেদের গতিবিধি প্রসারিত করতে সাহায্য করবে এবং জনসমাজে এই ধরনের হিংসার মূলগত কারণগুলিকে খুঁজে বের করে তার মীমাংসার উদ্যোগকে বৃদ্ধি করবে।

জনসমাজ সংবাদস্টপ দ্য ভায়োলেন্স কোয়ালিশন (STVC) হল জনসমাজভিত্তিক সংগঠনগুলির একটি সহযোগ যা 2004 সালে বাফেলো শহরে হত্যার ঘটনা অভূতপূর্বরূপে বেড়ে যাওয়ার কারণে তৈরি করা হয়েছিল। এদের লক্ষ্য হল আমাদের প্রতিবেশী অঞ্চলগুলিতে প্লেগের মতো ছড়িয়ে পড়া হিংসাত্মক কর্মকাণ্ডগুলির প্রতিরোধ করা এবং আমাদের শহরকে বসবাসের জন্য আরও নিরাপদ করে তোলা। কোয়ালিশন-কে তাদের কাজ রাস্তায় নেমে করতে হয় – বিবাদ মাথা চাড়া দিলে তাতে হস্তক্ষেপ করতে হয়। দ্য বাফেলো পিসমেকার্স ভায়োলেন্স অ্যান্ড গ্যাং ইন্টারভেনশন প্রোগ্রাম হল স্বেচ্ছাসেবী ও আংশিক সময়ের কর্মীসদস্যদের একটি দল যা বাফেলো শহরে দলগত হিংসা বা ঝুঁকিপূর্ণ যুবক-যুবতীদের জীবনকে রক্ষার জন্য হিংসা-চক্রের মধ্যে হস্তক্ষেপ করার জন্য 2007 সালে তৈরি করা হয়েছিল। কর্মীসদস্যেরা নিজেদের স্থানীয় প্রতিবেশী অঞ্চলগুলির মধ্যে ঐক্যবদ্ধ করে জনসমাজের বিবাদগুলিতে সক্রিয়ভাবে মধ্যস্থতা করে। এদের উদ্যোগগুলির মধ্যে রয়েছে "সেফ প্যাসেজ" প্রোগ্রাম, যাতে হিংসামূলক কাজকে নিরস্ত করার জন্য ও শিক্ষার্থীদের স্কুল ছুটির পর নিরাপদে বাড়ি ফিরে যেতে সাহায্যের জন্য গোটা শহর জুড়ে একাধিক নির্বাচিত স্থানে কর্মীসদস্যদের মোতায়েন করা হয়।



## নিউ ইয়র্ক রাজ্য বিধানসভার সংখ্যাগরিষ্ঠ দলের নেত্রী ক্রিস্টাল পিপলস-স্টৌক্স স্মিথসোনিয়ান্স ফার্স্ট-এভার অ্যাডভাইজারি কাউন্সিল ফর দ্য নিউ স্মিথসোনিয়ান আমেরিকান উইমেন্স হিস্ট্রি মিউজিয়াম-এ মনোনীত হয়েছেন।

মার্কিন সেনেটের সংখ্যাগরিষ্ঠ দলের নেতা চার্লস ই. স্কামার সম্প্রতি এ কথা ঘোষণা করেছেন যে, পিপলস-স্টৌক্সের নিয়োগের ব্যাপারে তার সমর্থনের পরেই, স্মিথসোনিয়াম ইনস্টিটিউট আধিকারিকরূপে নিউ ইয়র্ক রাজ্য বিধানসভার সংখ্যাগরিষ্ঠ দলের নত্রী ক্রিস্টাল ডি. পিপলস-স্টৌক্সকে নতুন স্মিথসোনিয়ান আমেরিকান উইমেন্স হিস্ট্রি মিউজিয়াম-এর উপদেষ্টা পরিষদে মনোনীত করা হয়।

গত সেপ্টেম্বর মাসে, স্কামার নেত্রী পিপলস-স্টৌক্সকে স্মিথসোনিয়ান আমেরিকান উইমেন্স হিস্ট্রি মিউজিয়াম-এর কংগ্রেসগতভাবে নিযুক্ত প্রথম উপদেষ্টা পরিষদে নিয়োগদান করেন।

যে আইনবলে স্মিথসোনিয়াম আমেরিকান উইমেন্স হিস্ট্রি মিউজিয়াম তৈরি হয়েছে তাতে 25-সদস্যবিশিষ্ট একটি উপদেষ্টা পরিষদ তৈরি কথা বলা আছে যা 19 জন সাধারণ নাগরিক, স্মিথসোনিয়ানের সচিব, বোর্ড অব রিজেন্টস-এর একজন সদস্য ও কংগ্রেস নেতৃত্ব দ্বারা নিযুক্ত চার জন সদস্য নিয়ে গঠিত। এই পরিষদ স্মিথসোনিয়াম বোর্ড অব রিজেন্টস-কে নতুন মিউজিয়াম সম্পর্কে পরামর্শ দেবে এবং তার স্থান, পরিকল্পনা, নকশা এবং নির্মাণ সংক্রান্ত সুপারিশ করবে। সেই সঙ্গে এই পরিষেদ এর অর্থসাহায্য পাবার দিকটিও দেখবে ও মিউজিয়ামের সংগ্রহ সামগ্রীগুলির রক্ষণাবেক্ষণ করবে।.

*"স্মিথসোনিয়াম আমেরিকান উইমেন্স হিস্ট্রি মিউজিয়ামের উপদেষ্টা পরিষদে নিযুক্ত হতে পেরে আমি নিতান্ত গর্বিত বোধ করছি," এই ভূমিকায় আমি মার্কিন যুক্তরাষ্ট্রের নারীদের ঐতিহ্যকে এবং ইতিহাস, সংস্কৃতি ও সমাজে আমাদের অবদানের দিকগুলিকে তুলে ধরার এক অভাবনীয় লক্ষ্য অর্জনে সাহায্যের সুযোগ পেয়েছি। আমি মার্কিন সেনেটসদস্য চাক স্কামারকে ও সেই সঙ্গে উপদেষ্টা পরিষদের অন্যান্য সদস্যদের ধন্যবাদ দিতে চাই, যাদের নেতৃত্বই এই মিউজিয়ামেকে বাস্তবের মাটিতে নামিয়ে আনসে সাহায্য করবে।"*

***NYS বিধানসভার সংখ্যাগরিষ্ঠ দলের নেত্রী ক্রিস্টাল পিপলস-স্টৌক্স***

*জিলা কার্যালয়:* 425 Michigan Avenue, Suite 107, Buffalo, NY 14203 • 716-897-9714
*অ্যালবেনির কার্যালয়: : কক্ষ* 926 LOB, Albany, NY 12248 • 518-455-5005 *ইমেল:* peoplec@nyassembly.gov

# বিধানসভা বিষয়ক আপডেট

সংখ্যাগরিষ্ঠ দলের নেত্রী পিপলস-স্টোক্স দ্বারা আনা নিম্নলিখিত বিলগুলি বিধানসভার উভয় কক্ষ থেকেই পাস হয়েছে:

- A.1248-A
  মারিজুয়ানা রেগুলেশন অ্যান্ড ট্যাক্সেশন অ্যাক্ট এই যুগান্তকারী আইনটি প্রাপ্তবয়স্কদের গাঁজা সেবনের উপর নিয়ন্ত্রণ ও কর চাপানোর ব্যাপারে আইনি কাঠামো তৈরি করে, চিকিৎসায় ব্যবহৃত মারিজুয়ানা ও ভাং/CBD জাতীয় জিনিস সংক্রান্ত কার্যক্রমগুলিকে উন্নত করে, এবং মাদক-যুদ্ধ ও গণ-কারাবাসে অযৌক্তিকভাবে প্রভাবিত জনসমাজগুলিতে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ বিনিয়োগ করে।
  ***2021-এর আইনের অধ্যায় 92।***
- A.3523-A
  এই আইন সাধারণ মানুষের জন্য ফলিত আচরণ বিশ্লেষণ (Applied Behavior Analysis) অনুশীলনের মাধ্যমে অধিকতর সুযোগ-সুবিধা প্রদানের সুযোগ করে দেয়। গভর্নরকে অর্পণের জন্য।
- A.40001
  এই আইন হাজার-হাজার মানুষের মাথায় উপর ছাদ পেতে সাহায্য করে এবং আমাদের মাননীয় গভর্নর এর মাধ্যমে ত্রান কর্মসূচিগুলিকে আরও উন্নত করার ও সঠিক পথে চালিত করার সুযোগ পান। গভর্নরকে অর্পণের জন্য।
- A.4668
  এই আইন রোগীদের নিজেদের খরচে প্রেসক্রিপশন করা ওষুধবিষুধ কেনায় একটা ধারাবাহিকতা বজায় রাখে, বছরের মাঝখানে গিয়ে ওষুধের ফর্মুলা বদলে তার দাম যাতে না বাড়ে সেই বিষয়টিকে নিষিদ্ধ করার মাধ্যমে। গভর্নরকে অর্পণের জন্য।
- A.5463
  এই আইন বাফেলো নগর প্রশাসনকে তাদের নির্দিষ্ট কিছু বন্ড আরও এক বছর বিপণনের নমনীয়তা প্রদান করে। ***2021-এর আইনের অধ্যায় 170।***
- A.5464
  এই আইন ইরি কাউন্টি নগর প্রশাসনকে তাদের নির্দিষ্ট কিছু বন্ড আরও এক বছর বিপণনের নমনীয়তা প্রদান করে। ***2021-এর আইনের অধ্যায় 177।.***
- A.6247-A
  এই আইন আমানত-বহির্ভূত ব্যাংক ঋণদাতাদের জন্য কমিউনিটি রি-ইনভেস্টমেন্ট আইনের বিধানগুলির অনুবর্তী হয়ে চলার বিষয়টিকে আবশ্যক করে, এবং দরিদ্র লোকেদের ঋণ দিতে অস্বীকার করার মতো খারাপ ঘটনাগুলিকে আটকায়। ***2021-এর আইনের অধ্যায় 549।***
- A.6392
  এই আইন সাধারণ মানুষকে, ডোনেট লাইফ রেজিস্ট্রি-তে নির্বাচিত করে, অঙ্গ ও কোষকলা দানের সুযোগ করে দেয়, যখন তারা নির্দিষ্ট কিছু সরকারি নথি বা আবেদনপত্রে তারা তাদের তথ্য প্রদান করেন। গভর্নরকে অর্পণের জন্য।
- A.7183
  এই আইন ফ্রুট বেল্ট প্রতিবেশী অঞ্চলে অতিরিক্ত পাঁচ বছরের জন্য আবাসিকদের জন্য গাড়ি পার্ক করার অনুমতি ব্যবস্থা প্রদান করে। ***2021-এর আইনের অধ্যায় 368।***
- A.7729
  এই আইন সরকারি আইনজীবী ও আইনি সহায়তা প্রদানকারী আইনজীবীদের অপরাধীদের "র‍্যাপ" শিটে প্রবেশাধিকার দেয় যাতে তারা আরও কার্যকরী প্রতিনিধিত্বের সুযোগ পায়। গভর্নরকে অর্পণের জন্য।
- A.8026
  এই আইন ক্যারিওল হর্নকে নিউ ইয়র্ক রাজ্যের ও স্থানীয় পুলিশ বিভাগের অবসর ব্যবস্থায় পূর্বকাল থেকে অবসরজনিত সুযোগ-সুবিধা পাবার সুযোগ করে দেবে। যা গভর্নরের হাতে অর্পণ করা হবে।

## NFTA বাস ছাউনিসমূহ



সংখ্যাগরিষ্ঠ দলের নেত্রি পিপলস-স্টোক্স আগেই NFTA-এর জন্য DASNY ক্যাপিটাল ফান্ডে $500,000 সুরক্ষিত করেছিলেন। এই আর্থিক সংস্থানকে নিম্নোক্ত 10টি স্থানে 2022-এর গ্রীষ্মের মধ্যেই উইটিকা স্টেশন বাস লুপ নির্মাণের কাজে, লাইট রেইল সিস্টেমের জন্য ক্যাটেনারি উন্নয়ন, এবং নতুন বাস ছাউনি তৈরির কাজে লাগানো হয়েছিল:

- মেইন স্ট্রিট এবং অ্যালেন স্ট্রিট দক্ষিণ
- জেনেসি স্ট্রিট এবং কার্নস এভেনিউ পশ্চিম
- বেইলি এভেনিউ এবং ল্যাংফিল্ড ড্রাইভ উত্তর
- কেনিংস্টন এভেনিউ এবং বেইলি এভেনিউ পূর্ব
- মেইন স্ট্রিট এবং ডেপিউ এভেনিউ দক্ষিণ
- পূর্ব ফেরি স্ট্রিট এবং কার স্ট্রিট পশ্চিম
- পূর্ব ফেরি স্ট্রিট এবং ট্রু বেথেল পূর্ব
- ল্যাংফিল্ড ড্রাইভ এবং এডিসন এভেনিউ পশ্চিম
- ফিলমোর এভেনিউ এবং লোরে এভেনিউ উত্তর
- সেনেকার দক্ষিণ স্মিথ স্ট্রিট, রাস্তার পূর্ব দিক

## অর্থসাহায্যের আপডেট

*সংখ্যাগরিষ্ঠ দলের নেত্রী পিপলস-স্টোক্সের DASNY-অর্থসাহায্যপ্রাপ্ত প্রকল্পসমূহ:*

- **ওয়েস্টমিনস্টার ইকোনমিক ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (WEDI) – $125,000:**
  *ইস্টসাইড ব্যবসায়িক উদ্যোক্তাদের সহায়তা ও পরিষেবা প্রদানের জন্য বেইলি এভেনিউতে দপ্তর নির্মাণ।*
- **বাফেলো মিউজিয়াম অব সায়েন্স – $190,000:**
  *ট্রাভেলিং এগজিবিট গ্যালারি অঞ্চলে অগ্নিনির্বাপক যন্ত্র বাসানো।*
- **কমিউনিটি হোপ বিল্ডার্স CDC – $250,000:**
  *জেনেসি স্ট্রিট করিডোর বরাবর সহায়তা পরিষেবার প্রয়োজন আছে এমন মানুষদের জন্য ব্যয়সাধ্য আবাসন নির্মাণ।*
- **বাফেলো শহর – $350,000:**
  *উত্তর বাফেলোর আইস রিঙ্কের ছাদের কাঠামো প্রতিস্থাপন।*
- **নিয়ামেকে ফাউন্ডেশন – $500,000:**
  *জেফারসন করিডোর বরাবর একটি জরুরি পরিচর্যা বিভাগ, প্রাথমিক পরিচর্যা চিকিৎসাকেন্দ্র এবং ব্যয়সাধ্য আবাসন নিয়ে একটি মিশ্র ব্যবহারের ভবন নির্মাণ।*



# পিপলস-স্টৌক্স, NYS ক্যানাবিজ কন্ট্রোল বোর্ড চেয়ারপার্সন ক্যানাবিজ নিয়ন্ত্রণ ও তার বাস্তবাসনের ব্যাপারে আলোচনার জন্য কুইবেক ভ্রমণ

*এই আন্তর্জাতিক সফরে ক্যানাবিজ বাজার সংক্রান্ত সেরা কার্যাভ্যাসের বিষয়গুলি আদানপ্রদান করা হয় যেহেতু নিউ ইয়র্ক রাজ্য তাদের প্রস্তুতি নিচ্ছে*




কুইবেক শহর, QC কানাডা – NYS বিধানসভার সংখ্যাগরিষ্ঠ দলের নেত্রী পিপলস-স্টৌক্স, ক্যানাবিজ কন্ট্রোল বোর্ডের চেয়ারপার্সন, ট্রেমিন রাইটের সশরীর উপস্থিতিতে, এবং অফিস অব ক্যানাবিজ ম্যানেজমেন্ট দপ্তরের কার্যনির্বাহী কর্মীদের ভার্চুয়াল উপস্থিতিতে, ক্যানাবিজ নিয়ন্ত্রণ ও সেরা কার্যাভ্যাসগুলির ব্যাপারে কুইবেক প্রাদেশিক সরকারের সাথে দ্বিপাক্ষিক আলোচনায় বসেন। মার্চ 2021-এ সংখ্যাগরিষ্ঠ দলের নেত্রী পিপলস-স্টৌক্স সাফল্যের সাথে NYS মারিজুয়ানা রেগুলেশন অ্যান্ড ট্যাক্সেশন অ্যাক্ট (MRTA - A.1248) পাস করিয়েছিলেন, যা মার্কিন যুক্তরাষ্ট্রের সবচেয়ে প্রগতিশীল ও সর্বাঙ্গীন ক্যানাবিজ নিয়ন্ত্রণ বিষয়ক আইন। পাস হওয়ার পরপরই তা আইন হিসেবে স্বাক্ষিরত হয়। 2018 সালে কুইবেক তাদের দেশের শেষ রাজ্য ছিল যারা ক্যানাবিজের আইনসম্মত বাজার তৈরিতে সহমত পোষণ করে। সংখ্যাগরিষ্ঠ দলের নেত্রী 2019 সালে ওন্টারিওর প্রাদেশিক সরকারের সাথে বৈঠক করেন তাদের খোলা বাজার, বেসরকারি খুচরো ক্রয়-বিক্রয় সম্পর্কে তথ্য নিতে। এটি কুইবেকের বেছে নেওয়া মডেলের সাথে সহমত পোষণ করে যা SQDC (The Société Québécoise du Cannabis) দ্বারা পুরোপুরিভাবে রাজ্য সরকার দ্বারা চালিত। প্রতিনিধিরা ক্যানাবিজ সংক্রান্ত বিষয়গুলির আইন, নিয়ন্ত্রণ এবং ব্যবস্থাপনা সম্পর্কে আলোচনা করেন যার মধ্যে জনস্বাস্থ্য এবং নিরাপত্তা, আইন বলবৎকরণ এবং কর আরোপের সাম্যতা, গবেষণা, সচেতনতা প্রসার এবং প্রতিরোধের মতো বিষয়গুলি অন্তর্ভুক্ত ছিল।



## ক্যানাবিজ কন্ট্রোল বোর্ড এবং অফিস অব ক্যানাবিজ ম্যানেজমেন্ট

ট্রেমিন রাইটের নাম নিউ ইয়র্কের ক্যানাবিজ কন্ট্রোল বোর্ড (CCB)-এর সভাপতি হিসেবে এবং ক্রিস্টোফার অ্যালেকজান্ডারের নাম অফিস অব ক্যানাবিজ ম্যানেজমেন্ট (OCM)-এর কার্যনির্বাহী নির্দেশক হিসেবে ঘোষণা ও সেনেটে তার অনুমোদন এম্পায়ার স্টেট ভবন থেকে দেওয়া একটি অতি গুরুত্বপূর্ণ ইঙ্গিত যার ফলে নিউ ইয়র্ক রাজ্যের ক্যানাবিজ শিল্পের সর্বাঙ্গীন ও প্রগতিশীল নিয়ন্ত্রণ কায়েমের কাজ দৃষ্টান্তমূলক নেতৃত্ব পাবে। পরিবর্তন ও সামাজিক সাম্য সুনিশ্চিত করার কাজে আমি নিউ ইয়র্ক রাজ্যের নেতৃত্ববর্গের সাথে কাজ করার জন্য আমি উদগ্রীব হয়ে রয়েছি।

## বাফেলো নগর প্রশাসন আবার চালু করছে 'স্ট্যান্ড আপ বাফেলো' ভাড়াটিয়া সহায়তা ও কর্মসূচিসমূহ

*বাফেলো নগর প্রশাসন COVID-19 অতিমারি চলাকালীন অভাবী পরিবারগুলিকে সাহায্যের জন্য একটি কর্মসূচি পুনরায় চালু করেছে*

বাফেলো শহর ও বাফেলো আর্বান রিনিউয়াল এজেন্সি (BURA) আয় অনুযায়ী যোগ্য বাসিন্দাদের জন্য তাদের স্ট্যান্ড-আপ বাফেলো পুনর্নবীকরণ সহায়তা কর্মসূচিকে পুনরায় শুরু করবে যাতে নিউ ইয়র্ক রাজ্যের এমার্জেন্সি রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (ERAP) থেকে অর্থসাহায্যের পুরোটা ব্যয়ের ক্ষেত্রে থেকে যাওয়া ফাঁকগুলিকে পূরণ করা যেতে পারে। বাফেলো নগর প্রশাসন, সেই সঙ্গে গোটা রাজ্য জুড়ে থাকা পৌরপ্রতিষ্ঠানগুলির বেশিরভাগই, নিউ ইয়র্ক রাজ্যের অফিস অব টেম্পোরারি ডিজএবিলিটি অ্যাসিস্ট্যান্স (OTDA)-এর সাথে হাত মিলিয়ে একটি একক, ঐক্যবদ্ধ পোর্টাল তৈরির কাজ করছে যার মাধ্যমে নাগরিকেরা ভাড়াটিয়া সহায়তা পাবার জন্য আবেদন করতে পারেন। এই পোর্টাল ইন্টারনেট বা নিঃশুল্ক হটলাইন ব্যবস্থার মাধ্যমে ব্যবহার করা যেতে পারে। গত সপ্তাহে, গভর্নর হোচুল ঘোষণা করেছেন যে, উপলভ্য সমস্ত আর্থিক সাহায্যগুলি সম্পূর্ণ বরাদ্দ হয়ে যাবার কারণেই ERAP ব্যবস্থা সাময়িকভাবে বন্ধ করে দেওয়া হয়েছিল এবং তিনি কেন্দ্রিয় সরকারের থেকে অতিরিক্ত আরও প্রায় $1 মতো আর্থিক সংস্থান চাইছেন ভাড়াটিয়া সহায়তা দেবার জন্য যাতে নিরন্তর চাহিদাগুলিকে পূরণ করা যেতে পারে। যোগ্যতাসম্পন্ন নাগরিকেরা আরও তথ্য পেতে 211 নম্বরে কল করতে পারেন অথবা তাদের ওয়েবসাইট standupbuffalo.com-এ যেতে পারেন।

## ERAP – এমার্জেন্সি রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম বা জরুরিকালীন ভাড়াটিয়া সহায়তা কর্মসূচি

নিউ ইয়র্ক রাজ্যের ল্যান্ডলর্ড রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (LRAP)-এ তালিকভুক্তিকরণ বন্ধ হয়ে গেছে। LRAP বাড়ির মালিকদের সাহায্যের জন্য আর্থিক ত্রাণ প্রদান করবে সেই সব বাড়ির মালিকদের বকেয়া ভাড়া মিটিয়ে দেবার মধ্যে দিয়ে, যাদের ভাড়াটিয়ারা তাদের বাড়ি ছেড়ে চলে গেছেন অথবা ERAP-র জন্য আবেদন করতে চান না। এই কর্মসূচির অধীনে 1লা মার্চ, 2020 তারিখে বা তার পর থেকে 12 মাস অবধি যা ভাড়া বকেয় হয়ে রয়েছে তা মিটিয়ে দেওয়া হবে।

এই কর্মসূচি সেই সব বাড়ির মালিকদের অগ্রাধিকার দেয় যাদের 20 বা তার কম সংখ্যক ভাড়ার ইউনিটের ভবন রয়েছে। 45 দিন পর, যোগ্যতাসম্পন্ন সমস্ত বাড়ির মালিকদের আবেদনগুলি আগে-এলে-আগে-পাবে ভিত্তিতে প্রক্রিয়াকরণ করা হয় যতক্ষণ অর্থ উপলভ্য থাকে, এবং তালিকাভুক্তর সময়ে একটি আবেদন দাখিল করা হয়। প্রশ্ন বা সংশয় থাকলে, দয়া করে 844-NY1RENT (844-691-7368)-এ যোগাযোগ করুন অথবা দেখুন: https://otda.ny.gov/programs/landlord-rental-assistance/ আরও তথ্যের জন্য ও ত্রান পাবার জন্য।

## নিউ ইয়র্ক রাজ্যের স্টেট হোমওনার অ্যাসিস্ট্যান্স ফান্ড (NYS HAF)

NYS HAF হল একটি কেন্দ্রিয় সরকার দ্বারা অর্থসাহায্যপ্রাপ্ত কর্মসূচি যা সেই সব বাড়ির মালিকদের আর্থিক সাহায্য দেবার জন্য নিবেদিত যাদের ভাড়া খেলাপির, আগে ভাড়া উঠে যাবার অথবা COVID-19 অতিমারির কারণে ভাড়াটিয়াদের স্থান বদলে ফেলার ঝুঁকি রয়েছে।

NYS HAF 3রা জানুয়ারী, 2022 থেকে আবেদনপত্র গ্রহণ করতে শুরু করবে এবং কর্মসূচির অধীনে অর্থসাহায্য দেওয়া যেতে পারে এমন সংখ্যার থেকে বেশি সংখ্যক আবেদন আসবে বলে প্রত্যাশা করে। আবেদনপত্রগুলিকে তাদের গ্রহণ করার ক্রম অনুযায়ী প্রক্রিয়াকরণ করা হবে। আবেদনপত্র জমা পরলেই যে আপনি আর্থিক সহায়তা পাবেন তার কোন নিশ্চয়তা নেই।

এই কর্মসূচি দ্রুত আবেদনপত্র গ্রহণ করতে শুরু করবে। ইতিমধ্যে, আমরা আপনাদের ওয়েবসাইটি দেখতে, আবেদন করার পথনির্দেশ সংক্রান্ত তথ্য দেখতে উৎসাহিত করছি, যার মধ্যে আপনি আবেদন করার সময় আপনার কী কী নথিপত্র সঙ্গে রাখা উচিৎ সে ব্যাপারে তথ্য রয়েছে। Visit: https:// www.nyhomeownerfund.org/ অথবা আরও তথ্য পেতে 1-844-77-NYHAF (1-844-776-9423) নম্বরে কল করুন।

## LRAP - বাড়ির মালিকদের ভাড়া মেটানোর কর্মসূচিসমূহ

নিউ ইয়র্ক রাজ্যের ল্যান্ডলর্ড রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (LRAP)-এ তালিকভুক্তিকরণ বন্ধ হয়ে গেছে। LRAP বাড়ির মালিকদের সাহায্যের জন্য আর্থিক ত্রাণ প্রদান করবে সেই সব বাড়ির মালিকদের বকেয়া ভাড়া মিটিয়ে দেবার মধ্যে দিয়ে, যাদের ভাড়াটিয়ারা তাদের বাড়ি ছেড়ে চলে গেছেন অথবা ERAP-র জন্য আবেদন করতে চান না। এই কর্মসূচির অধীনে 1লা মার্চ, 2020 তারিখে বা তার পর থেকে 12 মাস অবধি যা ভাড়া বকেয় হয়ে রয়েছে তা মিটিয়ে দেওয়া হবে।


এই কর্মসূচি সেই সব বাড়ির মালিকদের অগ্রাধিকার দেয় যাদের 20 বা তার কম সংখ্যক ভাড়ার ইউনিটের ভবন রয়েছে। 45 দিন পর, যোগ্যতাসম্পন্ন সমস্ত বাড়ির মালিকদের আবেদনগুলি আগে-এলে-আগে-পাবে ভিত্তিতে প্রক্রিয়াকরণ করা হয় যতক্ষণ অর্থ উপলভ্য থাকে, এবং তালিকাভুক্তর সময়ে একটি আবেদন দাখিল করা হয়। প্রশ্ন বা সংশয় থাকলে, দয়া করে 844-NY1RENT (844691-7368)-এ যোগাযোগ করুন অথবা দেখুন: https://otda.ny.gov/programs/landlord-rental-assistance/ আরও তথ্যের জন্য ও ত্রান পাবার জন্য।

## 5-11 বছর বয়সীদের জন্য COVID টিকা

CDC-র বর্তমান সুপারিশ হল, 5 থেকে 11 বছর বয়সী শিশুরা এখন থেকে Pfizer শিশুদের জন্য COVID-19 টিকা নিতে পারে। 5-11 বছর বয়সী শিশুদের অবশ্যই বাবা-মায়ের/আইনি অভিভাবকের সম্মতি থাকতে হবে (সশরীরে উপস্থিত হয়ে, ফোনে মৌখিকভাবে অথবা লিখিত আকারে 5-11 বছর বয়সী শিশুদের COVID-19 টিকারণের জন্য সম্মতিপত্র ব্যবহার করে)।

5 থেকে 11 বছর বয়সী শিশুরা তাদের জন্য নির্ধারিত কমলা ঢাকনাওয়ালা একটি আলাদা টিকার ফর্মুলেশন পাবে যাতে কিশোর-কিশোরীদের ও প্রাপ্তবয়স্কদের দেওয়া টিকার এক-তৃতীয়াংশ ডোজ থাকবে, এবং তাদের একটি ছোট আকারে সূচ ব্যবহার করে টিকা দেওয়া হবে। আপনাকে অবশ্যই 716-858-2929 নম্বরে কল করে অথবা রাজ্য সরকারের ওয়েবসাইট: https:// covid19vaccine.health.ny.gov/ covid-19-vaccines-children-and- adolescents-এ গিয়ে প্রাক-নিবন্ধন করে রাখতে হবে। CVS, Rite Aid, এবং Walgreens অনলাইনে টিকাকরণের সময় নির্ধারণের কাজ করছে।

আপনার যদি বিশেষ সুবিধার দরকার হয়, তাহলে দয়া করে নির্ধারিত সময়ের অন্তত 72 ঘন্টা আগে 716-858-6215 নম্বরে কল করে অফিস ফর পিপলস উইদ ডিজএবিলিটিজ-এর সাথে যোগাযোগ করুন।




*5-11 বছর বয়সীদের জন্য আগাম সময় নির্ধারণের প্রয়োজন আছে।*

## কর্মসংস্থানের সুযোগ: 1,000 নতুন RN-দের প্রশিক্ষণ দেবার জন্য নার্সেস ফর আওয়ার ফিউচার স্কলারশিপ প্রোগ্রাম চালু করা হয়েছে

নিউ ইয়র্ক রাজ্যে নার্সের অভাব রয়েছে। এই মুহূর্তে রাজ্য জুড়ে নিবন্ধীভুক্ত নার্সদের 9,300-রও বেশি খালি পদ তালিকাবদ্ধ হয়ে রয়েছে। COVID-19 অতিমারির শুরুর সময় থেকেই, হাসপাতালগুলি শ্রমিকদের অভাব ও প্রচুর পরিমাণে রোগীর আগমন দেখছে। গভর্নর ক্যাথি হোচুল সম্প্রতি একটি SUNY ও CUNY স্কলারশিপের ঘোষণা করেছেন যার নাম নার্সেস ফর আওয়ার ফিউচার স্কলারশিপ। এই স্কলারশিপ SUNY ও CUNY-তে RNs পাবার জন্য 1,000 শিক্ষার্থীদের প্রশিক্ষণের কর্মসূচি নিয়েছে যা নার্সদের বর্তমান অভাবকে দূর করতে সাহায্য করবে। এই স্কলারশিপ কর্মসূচিকে নিউ ইয়র্ক রাজ্যে নার্স ও স্বাস্থ্যসেবা কর্মীদের নিয়োগ করা ও তাদের বজায় রাখার মতো করে তৈরি করা হয়েছে।

এই স্কলারশিপ শিক্ষার্থীদের নমনীয় সময়সূচিতে, আংশিক বা পূর্ণ সময়ের জন্য, নার্সিং প্রোগ্রাম সম্পূর্ণ করার সুযোগ দেবে। এই কর্মসূচি স্বাস্থ্যসেবার সাথে জড়িত লোকেদের তাদের জ্ঞান বৃদ্ধির সুযোগ করে দেবে।

এই স্কলারশিপ বিদ্যমান ও কর্মসংস্থানহীন কর্মীদের উদ্দেশ্যে প্রচার করা হবে, যার মধ্যে উচ্চ চাহিদ রয়েছে এমন নবাগত নার্সদের সার্টিফিকেশন SUNY এজুকেশনার অপরচিউনিটি সেন্টার-এর আঞ্চলিক শাখার মাধ্যমেও হবে, যাতে সার্টিফায়েড নার্সিং অ্যাসিস্ট্যান্ট, লাইসেন্সড প্র্যাকটিক্যাল নার্সেস এবং নার্সিং হোম এইড অন্তর্ভুক্ত থাকবে।

425 Michigan Avenue, Suite 107, Buffalo, NY 14203



*বিধানসভার সংখ্যাগরিষ্ঠ দলের নেত্রী*

# ক্রিস্টাল ডি. পিপলস-স্টোক্স

## জনসমাজ সংবাদ

*শীতকাল 2021*

## 2022 সালের যে সব আশু ঘটনাবলীর দিকে নজর রাখবেন

- *উইলস অ্যান্ড এস্টেটস কর্মশালা*
- *কিডনি স্ক্রিনিং*
- *আপনার চিকিৎসাগত নথিপত্র সাফ করুন (মারিজুয়ানা)*
- *ক্যানাবিজ কোনভো 105*
- *মুভি নাইট সামার সিরিজ*



## AAVM আপডেট

বাফেলো কমন কাউন্সিল মার্ক সেরোনকে অনুমোদন দিয়েছে চুক্তিবদ্ধ করা হচ্ছে, 2021 সালের সেপ্টেম্বর মাসের AAVM প্রকল্পের জন্য সাধারণ ঠিকাদার হিসেবে। পরিকল্পনাগুলি কার্যাধীন রয়েছে শীতকাল শেষ হবার সাথে-সাথেই নির্মাণকার্য শুরুর লক্ষ্যে। 26শে জুলাই, 2022 তারিখটিকে সম্প্রতি এই প্রকল্পের আনুষ্ঠানিক ফিতে কাটার তারিখ হিসেবে নির্বাচিত করা হয়েছে। এই তারিখটি মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাসের খুবই গুরুত্বপূর্ণ একটি তারিখ - 1945 সালের 26শে জুলাই মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি হ্যারি ট্রুম্যান এগজিকিউটিভ অর্ডার 9981-এ স্বাক্ষর করেন মার্কিন যুক্তরাষ্ট্রের সশস্ত্র সেনাবাহিনীকে বিছিন্ন করার জন্য। আরও অগ্রগতি সম্পর্কে জানার জন্য আমাদের সঙ্গে থাকুন।